অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/18/2021 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের চরম সতর্কতা অবলম্বন করার কথা স্মরণ করিয়ে দিয়েছেন যাত্রা করার সময় যখন শীতকালীন ঝড় শুক্রবার রাত পর্যন্ত নিউ ইয়র্কে প্রভাব ফেলবে

নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, মিড-হাডসন এবং সাউদার্ন টায়ার অঞ্চলে শুক্রবারের মধ্যে 8 ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে

নিউ ইয়র্কবাসীদের বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতির কারণে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের স্মরণ করিয়ে দিয়েছেন যে আগামী 48 ঘন্টা ভ্রমণের সময় অত্যন্ত সতর্ক থাকার জন্য কারণ একটি শীতকালীন ঝড় রাস্তায় বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে। উত্তর-পূর্ব দিকে যাওয়ার সময় শক্তি হারানো সত্ত্বেও, পূর্বাভাষ করা হচ্ছে যে এই ঝড় শুক্রবারের মধ্যে সাউদার্ন টিয়ার, মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলের কিছু জায়গায় 8 ইঞ্চি পর্যন্ত তুষারপাত নিয়ে আসবে। নিউ ইয়র্কবাসীদের সতর্ক থাকা উচিত এবং ভ্রমণ সীমাবদ্ধ করা উচিত যাতে স্নো প্লাও পরিচালকরা যানজটের চিন্তা না করে নিরাপদে তুষার এবং বরফ পরিষ্কার করতে পারে।

"নিউ ইয়র্কের জরুরী ব্যবস্থাপনার কর্মকর্তারা বেশ কয়েকদিন ধরে এই ঝড়ের উপর নজর রেখেছেন, এবং যদিও মনে হচ্ছে এর শক্তি হ্রাস পেয়েছে, তবুও এর বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতি তৈরি করার সম্ভাবনা আছে, বিশেষ করে রাজ্যের দক্ষিণ অঞ্চলে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের রাস্তার কর্মীরা কারো তুলনায় দ্বিতীয় নন এবং তারা এই কাজ সম্পন্ন করবেন - তাদের শুধু কাজ করার জন্য জায়গা দরকার। তাই, যখন বরফ তীব্র হতে থাকবে, নিউ ইয়র্কবাসীদের উচিত অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার যথাসাধ্য চেষ্টা করা, এবং যদি আপনাকে কোথাও গাড়ি চালিয়ে জেতেও হয়, দয়া করে যতটা সম্ভব নিরাপদে তা করুন এবং প্লাওগুলিকে তাদের প্রয়োজনীয় জায়গা দেওয়া নিশ্চিত হোন।"

ইতিমধ্যেই সাউদার্ন টিয়ার, মিড হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলের কিছু অংশে হালকা তুষারপাত শুরু হয়েছে এবং বিকেলের শেষ থেকে আজ রাতের মধ্যে উত্তরদিকে ছড়িয়ে পড়বে, যা শুক্রবার পর্যন্ত তুষারপাত হওয়া অব্যাহত রাখবে। ইন্টারস্টেট 90 করিডোরের দক্ষিণে সবচেয়ে ভারী তুষারপাতের সম্ভাবনা রয়েছে, হাল্কা তুষারপাত শুক্রবার চলবে বিকেলে কমে আসা অবধি। শুক্রবার এই ঝড় রাজ্য থেকে বের হওয়া অবধি রাজ্যের বাকি অংশে বরফের ধূলিকণা থেকে দুই ইঞ্চি অবধি দেখতে পাওয়া উচিত। তাপমাত্রা রাজ্যের বেশির ভাগ এলাকায় স্বাভাবিকের

কাছাকাছি বা তার বেশি থাকা উচিত এবং যেখানে ক্রমাগত বাতাস বইবে মাঝে মাঝে 20 মাইল অবধি বেগে।

আপনার এলাকায় আবহাওয়া উপদেষ্টার সম্পূর্ণ তালিকাভুক্তি দেখার জন্য আপনার এলাকার ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট এ যান।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) জরুরি অপারেশনস সেন্টার (Emergency Operations Center) COVID-19 মহামারীর কারণে সক্রিয় রয়েছে এবং তারা নিকটভাবে আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, রাজ্যের প্রতিক্রিয়ার কার্যক্রম পরিচালনা করবে এবং ঘটনার পুরো সময়কালে এলাকাবাসীদের সাথে যোগাযোগ রাখবে। পাম্প, চেইন'স, বালির বস্তা, জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানি সহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ (Department of Transportation, DOT)

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন রাজ্যব্যাপী উপলব্ধ 3,600 সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়া দিতে প্রস্তুত। আসন্ন তুষার এবং বরফে সহায়তার জন্য 1,599টি বৃহৎ স্নো প্লাওএর ইভেন্ট সমর্থন করতে, নিউ ইয়র্ক রাজ্য পরিবহণ বিভাগ (NYSDOT) নিম্ন মধ্য-হাডসন অঞ্চল এবং লং আইল্যান্ডে অগ্রাধিকারের রুটে রিজার্ভ প্লো সক্রিয় করার জন্য আপস্টেট অঞ্চল থেকে 76টি অতিরিক্ত অপারেটর পাঠাচ্ছে। উপরন্তু, NYSDOT ভারী ভ্রমণের করিডোরে টো সার্ভিস চালু করছে যাতে দুর্ঘটনা দ্রুত এবং নিরাপদে পরিষ্কার করা হয়।

NYSDOT পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) এবং পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ বিভাগের (Department of Parks, Recreation and Historic Preservation) সাথে সমন্বয় সাধন করছে মিড হাডসন, সাউদার্ন টায়ার এবং লং আইল্যান্ড অঞ্চলে সয়ার কর্মীদের মোতায়েন করার জন্য যাতে পরে যাওয়া গাছ দ্রুত কেটে ফেলা হয় এবং সেগুলো রাষ্ট্রীয় মহাসড়ক থেকে সরিয়ে ফেলা যায়। পরিবর্তনশীল বার্তার চিহ্নগুলো মোটরচালকদের ভ্রমণ এড়িয়ে চলার অনুরোধ জানাবে যদি না তা একেবারে অপরিহার্য হয়।

বিভাগের কাছে আসন্ন তুষার এবং বরফ ইভেন্টের জন্য নিম্নলিখিত সম্পদগুলি উপলব্ধ আছে:

- 313টি বড় লোডার
- 174টি মাঝারি ডিউটি প্লাও
- 80টি চিপার
- 52টি টো প্লাউ

- 34টি স্নো ব্লোয়ার
- 36টি ট্রাফিক টাওয়ার প্ল্যাটফর্ম
- 18টি গ্রেডার
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 11 পিকআপ সঙ্গে প্লাও

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 690 জন সুপারভাইজার ও অপারেটর তৈরি রেখেছে যারা সমগ্র রাজ্য জুড়ে 247টি বড় স্নো প্লাও, 106টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 62টি লোডার কাজে নিয়োজিত করার জন্য এবং 117,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করার জন্য প্রস্তুত।

থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে, যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোডের জন্য বিনামূল্যে উপলব্ধ। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে এখানে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল উপলভ্য সম্পদ যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। রাজ্য পার্ক পুলিশের স্নোমোবাইল ইউনিট এবং পার্ক সয়ার কর্মীরা ঝড় মোকাবেলায় সাহায্য করতে প্রস্তুত। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 5,500 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের (Department of Public Service) কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে

ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের সর্বাধিক ক্ষতিগ্রস্ত অঞ্চলে স্থানান্তরিত করছে তা নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনীয় অতিরিক্ত সেনা নিয়োগের জন্য স্টেট পুলিশ প্রস্তুত। ফোর-হুইল ড্রাইভের যানবাহন, স্নোমোবাইল, এবং ইউটিলিটি টাস্ক এর যানবাহন সহ বিশেষায়িত স্টেট পুলিশের (State Police) সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA)/ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং ক্যানাল কর্পোরেশনের কর্মীরা পূর্বাভাসকৃত আবহাওয়ার জন্য প্রস্তুতি নিয়েছে যাতে সমস্ত সুবিধা, সম্পদ এবং সরঞ্জাম সুরক্ষিত এবং প্রস্তুত থাকে। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ (Power Authority) প্রস্তুত।

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথারিটি (Metropolitan Transportation Authority, MTA)

মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে আবহাওয়ার অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। MTA এর কর্মীরা লবণ ছড়াতে এবং প্ল্যাটফর্ম এবং সিঁড়ি তুষার এবং বরফ মুক্ত রাখতে এবং সিগন্যাল, সুইচ এবং তৃতীয় রেল কর্মক্ষম রাখতে প্রস্তুত।গ্রাহকদের new.mta.info পরীক্ষা করতে উৎসাহিত করা হচ্ছে সাম্প্রতিকতম পরিষেবার আপডেটের জন্য, এবং সিস্টেমটি পরিব্রাজনের জন্য সতর্কতা অবলম্বন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, মেট্রো-নর্থ ট্রেনের সময় এবং লং আইল্যান্ড রেল রোড ট্রেনের সময়।

বন্দর কর্তৃপক্ষ

পোর্ট অথরিটি ঝড়ের সময় তাদের ফেসিলিটির যাত্রীদের সতর্ক থাকার অনুরোধ করেছেন। সেতুতে এবং তার সাথে মোড় থেকে আসা এবং যাওয়া রাস্তা বরাবর গতির নিষেধাজ্ঞা কার্যকর থাকতে পারে। পোর্ট অথরিটির বিমানবন্দর, বাস টার্মিনাল এবং বাস স্টেশন দিয়ে যাত্রা করা যাত্রীদের বিলম্ব, বাতিল অথবা আবার বুকিংয়ের সর্বশেষ তথ্যের জন্য সরাসরি বাস ক্যারিয়ার এবং এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। পোর্ট অথরিটি সুবিধা সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA এলার্ট-এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

শীতকালীন নিরাপত্তার পরামর্শ

নিরাপদ গাড়ি চালানোর কিছু সব চেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির মধ্যে আছে:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।

- আপনার ভ্রমণ আবশ্যিক হলে, নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।
- শীতকালীন ঝড়ের সময়ে সব চেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হলো পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সকল সড়কের মোটরচালকদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে স্নো প্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, সুনিশ্চিত করতে যে ছড়িয়ে লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়ির চালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নো প্লাও চালকদের দৃষ্টিসীমা সীমিত থাকে এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন করা ও থামানো কষ্টসাধ্য হয়। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন